দৈনিক ইনকিলাব

তারিখ JUL 1 8 1999
কলাম ৩

# মাদ্রাসা শিক্ষা বন্ধের অপচেষ্টার বিরুদ্ধে বগুড়ায় জমিয়াতুল মোদার্রেছীনের ব্যাপক কর্মসূচী

বগুড়া অফিস ঃ গতকাল সন্ধ্যায় জমিয়াতুল মোদার্রেছীন বগুড়া শাখার এক সভায় মাদ্রাসা শিক্ষা বন্ধের অপচেষ্টার বিরুদ্ধে বেশ কিছু কর্মসূচী গ্রহণ করা হয়। কর্মসূচীর মধ্যে রয়েছে আগামী ২১ জুলাই থানা নির্বাহী অফিসারের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশ ও ২২ জুলাই বগুড়ার শহীদ খোকন পার্কে গণজমায়েত। বিকালে এই গণজমায়েতের পরই জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি দেয়া হবে। জমিয়াতের জেলা কার্যালয়ে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন মুজাম্মেল হোসাইন। বক্তব্য রাখেন মাওলানা তাইয়েব আলী, মাওলানা আবু বকর ছিদ্দিক, মাওলানা আবদুল কাইয়ূম, মাওলানা মোফাজ্জল হোসাইন, অধ্যাপক আ ন ম ইয়াহিয়া, মাওঃ আবদুস শাকুর, মাওঃ আঃ আজিজ প্রমুখ।